ভলান্টিয়ার ফর বাংলাদেশ মেহেরপুর জেলা শাখার নবনির্বাচিত বোর্ডের দায়িত্ব গ্রহণ

ভলান্টিয়ার ফর বাংলাদেশ মেহেরপুর জেলা শাখার নবনির্বাচিত বোর্ড আনুষ্ঠানিকভাবে দায়িত্ব গ্রহণ করেছে। সম্প্রতি অনুষ্ঠিত নির্বাচনে সভাপতি হিসেবে নির্বাচিত হয়েছেন মাহফুজুর রহমান এবং সাধারণ সম্পাদক হিসেবে নির্বাচিত হয়েছেন শেখ মোহাম্মদ তোয়াশীন।

দায়িত্ব গ্রহণ উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে নবনির্বাচিত সভাপতি মাহফুজুর রহমান জেলা বোর্ডের সদস্য, ইউনিট পর্যায়ের নেতৃবৃন্দ ও সংগঠনের সাধারণ সদস্যদের প্রতি আন্তরিক কৃতজ্ঞতা প্রকাশ করেন। তিনি বলেন, এই দায়িত্ব কোনো ব্যক্তিগত সাফল্যের প্রতীক নয়; বরং এটি সংগঠনের প্রতি সদস্যদের আস্থা, ত্যাগ ও সম্মিলিত পরিশ্রমের স্বীকৃতি।

নেতৃত্বকে ক্ষমতার নয়, বরং সেবা, দায়বদ্ধতা ও মানবিক দায়িত্বের জায়গা হিসেবে উল্লেখ করে তিনি বলেন, সকলকে সঙ্গে নিয়ে মেহেরপুর জেলাকে ভলান্টিয়ার ফর বাংলাদেশের একটি আদর্শ, কার্যকর ও শৃঙ্খলাবদ্ধ জেলা হিসেবে গড়ে তুলতে তিনি দৃঢ়প্রতিজ্ঞ।

নবনির্বাচিত সাধারণ সম্পাদক শেখ মোহাম্মদ তোয়াশীন তাঁর বক্তব্যে বলেন, সাধারণ সম্পাদকের দায়িত্ব গ্রহণ করা তাঁর জন্য একই সঙ্গে সম্মানজনক ও দায়িত্বপূর্ণ। তিনি উল্লেখ করেন, এই সাফল্য একক কোনো অর্জন নয়; বরং এটি সংগঠনের প্রতিটি সদস্যের বিশ্বাস, সহযোগিতা ও নিরলস পরিশ্রমের ফল। স্বচ্ছতা, শৃঙ্খলা ও ঐক্যের ভিত্তিতে সবাইকে সঙ্গে নিয়ে সংগঠনের কার্যক্রমকে আরও গতিশীল, সংগঠিত ও ফলপ্রসূ করার প্রত্যয় ব্যক্ত করেন তিনি। পাশাপাশি ভলান্টিয়ার ফর বাংলাদেশের লক্ষ্য ও আদর্শ বাস্তবায়নে সর্বোচ্চ আন্তরিকতা ও দায়বদ্ধতার সঙ্গে কাজ করার অঙ্গীকার করেন।

ভলান্টিয়ার ফর বাংলাদেশ মেহেরপুর জেলা শাখার নবনির্বাচিত কমিটির অন্যান্য সদস্যরা হলেন, সহ-সভাপতি আনাস আহমেদ, কোষাধ্যক্ষ রুবাইয়া সুলতানা, প্রজেক্ট অফিসার মোছাঃ টুম্পা, মানব সম্পদ

কর্মকর্তা মাসুমা সুলতানা রানী এবং জনসংযোগ কর্মকর্তা নাফিস সাদিক।

এদিকে সংগঠনের মেহেরপুর জেলা শাখার সাবেক নেতৃবৃন্দ নবনির্বাচিত কমিটিকে আন্তরিক শুভেচ্ছা ও অভিনন্দন জানিয়েছেন। তাঁরা আশাবাদ ব্যক্ত করেন, নতুন নেতৃত্বের হাত ধরে ভলান্টিয়ার ফর বাংলাদেশ মেহেরপুর জেলা শাখা আরও শক্তিশালী হবে এবং মানবিক, সামাজিক ও স্বেচ্ছাসেবামূলক কার্যক্রমে জেলায় একটি অনুকরণীয় দৃষ্টান্ত স্থাপন করবে।

সংশ্লিষ্ট মহলের প্রত্যাশা, নবনির্বাচিত কমিটির ঐক্যবদ্ধ নেতৃত্বে ভলান্টিয়ার ফর বাংলাদেশ মেহেরপুর জেলা শাখার কার্যক্রম নতুন গতি পাবে এবং মানবতার সেবায় সংগঠনটি আরও বিস্তৃত ভূমিকা রাখবে।

মেহেরপুর জেলা মটর শ্রমিক ইউনিয়নের নবনির্বাচিত কমিটির শপথ গ্রহণ

মেহেরপুর জেলা মটর শ্রমিক ইউনিয়নের ত্রিবার্ষিক নির্বাচনে নবনির্বাচিত সদস্যদের শপথ গ্রহণ অনুষ্ঠিত হয়েছে। গতকাল রবিবার বিকেলে মেহেরপুর জেলা মটর শ্রমিক ইউনিয়ন কার্যালয়ে নবনির্বাচিত ১৫ সদস্যবিশিষ্ট পূর্ণাঙ্গ কমিটির শপথ গ্রহণ অনুষ্ঠিত হয়।

নির্বাচন কমিশনার অ্যাডভোকেট মারুফ আহমেদ বিজন নবনির্বাচিত নেতৃবৃন্দকে শপথবাক্য পাঠ করান। এসময় উপস্থিত ছিলেন, সহকারী নির্বাচন কমিশনার হানিফ মন্ডল ও মকবুল হোসেন।

শপথগ্রহণকারী নেতৃবৃন্দ হলেন— সভাপতি আহসান হাবিব সোনা, সাধারণ সম্পাদক মতিয়ার রহমান, কার্যকরী সভাপতি সাজেদুর রহমান সাজু, সহ-সভাপতি শাহিন আলী টুটুল, যুগ্ম সাধারণ সম্পাদক এরশাদ আলী, সহ-সাধারণ সম্পাদক ফরহাদ হোসেন তুষার, সাংগঠনিক সম্পাদক রমিজ

উদ্দিন, সহ-সাংগঠনিক সম্পাদক চাঁদ আলী, কোষাধ্যক্ষ মাহবুব এলাহী, শ্রমিক কল্যাণ সম্পাদক মাহবুব হোসেন রিপন, লাইন সম্পাদক সোহেল রানা সজিব, প্রচার সম্পাদক ইয়ারুল ইসলাম এবং সদস্য শরিফুল ইসলাম, মহিন শেখ ও খবিরুল ইসলাম।

উল্লেখ্য, গত ১৭ নভেম্বর ইউনিয়নের ত্রিবার্ষিক নির্বাচন শান্তিপূর্ণভাবে অনুষ্ঠিত হয়। নবনির্বাচিত সভাপতি আহসান হাবিব সোনা ও সাধারণ সম্পাদক মতিয়ার রহমান জানান, শ্রমিকদের ন্যায্য অধিকার আদায়, কর্মক্ষেত্রে নিরাপত্তা ও সার্বিক কল্যাণে তারা আন্তরিকভাবে কাজ করবেন।

জীবননগর প্রেসক্লাবের নবনির্বাচিত কমিটির শপথ গ্রহণ

চুয়াডাঙ্গার জীবননগর প্রেসক্লাবের ২০২৫-২৭ সেশনের নবনির্বাচিত কার্যনির্বাহী কমিটির শপথ গ্রহণ অনুষ্ঠিত হয়েছে।

গতকাল শনিবার বেলা সাড়ে ১২টায় জীবননগর প্রেসক্লাবের আয়োজনে রেস্টুরেন্ট থ্রি স্টারের কনফারেন্স রুমে চুয়াডাঙ্গা প্রেসক্লাবের সভাপতি রাজিব হাসেন কচি আনুষ্ঠানিকভাবে কমিটির সভাপতি এমআর বাবু ও সাধারণ সম্পাদক নূর আলমকে শপথ পাঠ করান। কমিটির অন্যান্য সদস্যদের শপথ বাক্য পাঠ করান চুয়াডাঙ্গা জেলা প্রেসক্লাবের সভাপতি অ্যাডভোকেট মানিক আকবর।

অনুষ্ঠানে বক্তারা সাংবাদিকতার মূল আদর্শ সত্য, ন্যায় ও নিরপেক্ষতা অটুট রেখে জনস্বার্থে কাজ করার আহ্বান জানান।

শপথগ্রহণ অনুষ্ঠানকে ঘিরে কনফারেন্স প্রাঙ্গণে ছিল প্রাণবন্ত পরিবেশ। উপস্থিত ছিলেন দৈনিক সময়ের সমীকরণ পত্রিকার প্রধান সম্পাদক নাজমুল হক স্বপন, চুয়াডাঙ্গা প্রেসক্লাবের সাধারণ সম্পাদক ও দৈনিক আজকের চুয়াডাঙ্গা পত্রিকার সম্পাদক প্রকাশক বিপুল আশরাফ, জেলা প্রেসক্লাবের সাধারণ সম্পাদক ও ডিবিসি টিভির জেলা প্রতিনিধি কামরুজ্জামান সেলিম, দৈনিক চুয়াডাঙ্গা প্রত্রিকা

পত্রিকার সম্পাদক মাওলানা আজিজুর রহমান।

শপথ গ্রহণ করেন দৈনিক ভোরের কাগজ পত্রিকার মামুনউর রহমান, আন্দোলনের বাজার পত্রিকার মুন্সী রায়হান উদ্দিন, দৈনিক সংগ্রাম পত্রিকার মাজেদুর রহমান লিটন, মাথাভাঙ্গা পত্রিকার নারায়ণ ভৌমিক, দৈনিক মানবজমিন পত্রিকার হুমায়ুন কবির, আকাশ খবর পত্রিকার বশির উদ্দিন বিশ্বাস, সকালের সময় পত্রিকার এম আই মুকুল, দৈনিক দেশের বানী পত্রিকার জাহাঙ্গীর আলম, দৈনিক এই আমার দেশ পত্রিকার মুন্সী খোকন, দৈনিক সময়ের সমীকরণ পত্রিকার মিঠুন মাহমুদ।

এছাড়াও উপস্থিত ছিলেন দৈনিক আমাদের সময় পত্রিকার জেলা প্রতিনিধি আকিমুল ইসলাম, দৈনিক জনবানী পত্রিকার জামাল হোসেন খোকন, মনিরুল ইসলাম প্রমুখ।

মেহেরপুরে সদর উপজেলা বিএনপি’র নবনির্বাচিত সভাপতিকে সংবর্ধনা

মেহেরপুর সদর উপজেলা বিএনপি’র নবনির্বাচিত সভাপতি ফয়েজ মোহাম্মদকে সংবর্ধনা জানিয়েছে শ্যামপুর ইউনিয়নের ৮ নম্বর ওয়ার্ড বিএনপি। গতকাল শনিবার বিকেল পাঁচটায় শ্যামপুর ক্লাব বাজার প্রাঙ্গণে এ সংবর্ধনা অনুষ্ঠান অনুষ্ঠিত হয়।

শ্যামপুর ইউনিয়নের ৮ নম্বর ওয়ার্ড বিএনপি’র সভাপতি ফজলুর রহমান এর সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, জেলা বিএনপি’র যুগ্ম আহ্বায়ক ও সদর উপজেলা বিএনপি’র সভাপতি ফয়েজ মোহাম্মদ। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, জেলা জাসাসের সদস্য সচিব এ বাকা বিল্লাহ, শ্যামপুর ইউনিয়ন বিএনপি’র নেতা সোহরাব হোসেন, বিএনপি নেতা হাজী আবুল হাসেম, বিএনপি নেতা পাঞ্জাব হোসেন ও বিএনপি নেতা আমিজুর রহমান।

জেলা যুবদলের সদস্য মনিরুল ইসলাম মনির সঞ্চালনায় এসময় আরো উপস্থিত ছিলেন, আমদহ ইউনিয়ন বিএনপি’র সাধারণ সম্পাদক সাব্বির

হোসেন, বুড়িপোতা ইউনিয়ন বিএনপি’র সাধারণ সম্পাদক ফরিদ উদ্দিন, জেলা ছাত্রদলের সহ-সভাপতি নাহিদ মাহমুদ সানি, বিএনপি নেতা শামসুর রহমান সুইট, জেলা স্বেচ্ছাসেবক দলের সদস্য ফুর্তি হাসান সহ স্থানীয় নেতাকর্মীরা।

বক্তারা নবনির্বাচিত সভাপতি ফয়েজ মোহাম্মদকে অভিনন্দন জানিয়ে বিএনপিকে আরও শক্তিশালী ও তৃণমূলমুখী করতে ঐক্যবদ্ধভাবে কাজ করার আহ্বান জানান।

দামুড়হুদা বাজার বণিক সমিতির নবনির্বাচিত কমিটির শপথ

দীর্ঘ ১৮ বছর পর দামুড়হুদা বাজার বণিক সমিতির নবনির্বাচিত কমিটির শপথ ও দায়িত্ব গ্রহণ অনুষ্ঠান অনুষ্ঠিত হয়েছে।

গতকাল রবিবার বেলা ১১টার সময় বাজার বণিক সমিতির আয়োজনে উপজেলা অডিটোরিয়াম হলে এই শপথ গ্রহণ অনুষ্ঠান অনুষ্ঠিত হয়।

অনুষ্ঠানে শপথ বাক্য পাঠ করান দামুড়হুদা বাজার বণিক সমিতির প্রধান উপদেষ্টা ও উপজেলা বিএনপির সাধারণ সম্পাদক রফিকুল হাসান তনু।

নেতা বলেন, “দীর্ঘ ১৮ বছর দামুড়হুদা বাজার বণিক সমিতির কোনো নির্বাচন হয়নি। শেখ হাসিনার ফ্যাসিস্ট সরকারের আমলে নির্বাচন না দিয়ে ক্ষমতাসীনরা বলে দিতেন অমুক সভাপতি, অমুক সেক্রেটারি। কিন্তু ব্যবসায়ীদের কোনো কথা শোনা হতো না, বাজারের ব্যবসায়ীদের স্বার্থে কোনো কাজ হতো না। এবার বাজার বণিক সমিতির একটি শান্তিপূর্ণ ও নিরপেক্ষ নির্বাচন হয়েছে। সেই নির্বাচনে যারা নির্বাচিত হয়েছেন, তাদের সকলকেই আমি শুভেচ্ছা জানাই। সকলের সহযোগিতা না পেলে একটি গ্রহণযোগ্য, সুষ্ঠু নির্বাচন হতো না। তাই আমি আশা করি, নবনির্বাচিত কমিটি ব্যবসায়ীদের ভালো-মন্দে পাশে থাকবে এবং সবাই মিলে বাজারের উন্নয়ন করবে।”

দামুড়হুদা বাজার বণিক সমিতির আহ্বায়ক মো. মোফাজ্জল হোসেনের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন দামুড়হুদা মডেল থানার অফিসার ইনচার্জ হুমায়ুন কবির।

বিশেষ অতিথি ছিলেন বাজার বণিক সমিতির উপদেষ্টা ও উপজেলা বিএনপির যুগ্ম সম্পাদক মো. মন্টু মিয়া।

নবনির্বাচিত কমিটির সভাপতি জাহিদুল ইসলাম ও সাধারণ সম্পাদক শাহ জালাল বাবুকে ফুল দিয়ে বরণ করে নেওয়া হয়। এ সময় নবনির্বাচিত কমিটির সকল সদস্যকে একে একে ফুল দিয়ে বরণ করে নেওয়া হয়।

অনুষ্ঠানে উপস্থিত ছিলেন দামুড়হুদা প্রেসক্লাবের সভাপতি শামসুজ্জোহা পলাশ, দামুড়হুদা বাজার বণিক সমিতির নবনির্বাচিত সিনিয়র সহ-সভাপতি মো. ইউনুস আলী, সহ-সভাপতি মো. মেহেদী হাসান (নয়ন), সাধারণ সম্পাদক মো. শাহাজালাল (বাবু), সহ-সাধারণ সম্পাদক মো. জাহিদ হাসান (লাভলু), সাংগঠনিক সম্পাদক মো. আব্দুল হাকিম, সহ-সাংগঠনিক সম্পাদক মো. খালিদ হাসান (বেল্টু), কোষাধ্যক্ষ মো. আজিজুর রহমান, প্রচার সম্পাদক মো. শহিদুল ইসলাম, ক্রীড়া সম্পাদক মো. রাশেদুজ্জামান বিল্টু, দপ্তর সম্পাদক মো. সলিমুল্লাহ, পরিবেশ সম্পাদক মো. রোকনুজ্জামান তোতাম, ওয়ার্ড সদস্য-০১ মো. শহিদুল ইসলাম, ওয়ার্ড সদস্য-০২ মো. আমিরুল ইসলাম, ওয়ার্ড সদস্য-০৩ মো. আব্দুর রহমান, ওয়ার্ড সদস্য-০৪ মো. ফারুক হোসেন, ওয়ার্ড সদস্য-০৫ মো. সাইদুর রহমান এবং আমন্ত্রিত অতিথিবৃন্দ ও বাজারের বিভিন্ন ব্যবসায়ী উপস্থিত ছিলেন।

অনুষ্ঠানটি সঞ্চালনা করেন দামুড়হুদা প্রেসক্লাব সাংবাদিক সমিতির সভাপতি হাফিজুর রহমান কাজল।

অনুষ্ঠানের শুরুতেই পবিত্র কোরআন থেকে তিলাওয়াত করেন দামুড়হুদা মডেল মসজিদের ইমাম ও খতিব হাফেজ মাওলানা মুফতি মামুনুর রশীদ।

[redacted]

[redacted]

[redacted]

স্বপনকে ফুল দিয়ে বরণ করে নেওয়া হয়েছে।

বৃহস্পতিবার বিদ্যালয়ের প্রধান শিক্ষক রুহুল আমিন নবনির্বাচিত সভাপতি হাসিবুজ্জামান স্বপনের হাতে ফুল তুলে দেন।

এ সময় নবনির্বাচিত অভিভাবক সদস্য ও আমঝুপি ইউনিয়ন পরিষদের ৬ নম্বর ওয়ার্ডের ইউপি সদস্য মো. তৌফিক মীরকেও ফুল দিয়ে বরণ করেন বিদ্যালয়ের সহকারী প্রধান শিক্ষক হাফিজুর জামান।

অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন শিক্ষক প্রতিনিধি সায়েদা বানু, নারগিস চৌধুরী, গাজিউর রহমান, রিপন, রকিবুল জামান ও রবিউল ইসলাম।

দামুড়হুদা উপজেলার নবনির্বাচিত চেয়ারম্যানদের শপথ গ্রহন

দামুড়হুদা উপজেলা পরিষদের নবনির্বাচিত চেয়ারম্যান আলি মুনছুর বাবু ভাইস চেয়ারম্যান ও মহিলা ভাইস চেয়ারম্যান দ্বিতীয় মেয়াদের জন্য খুলনা বিভাগীয় কমিশনার এর কার্যালয়ে শপথ গ্রহণ করেন।

গতকাল বৃহস্পতিবার সকাল ১০ টার দিকে শপথ পাঠ করান বিভাগীয় কমিশনার অতিরিক্ত সচিব হেলাল মাহমুদ শরীফ।

জানাযায়, সারা বাংলাদেশের ন্যায় দামুড়হুদা উপজেলায় গত ৮ ই মে উপজেলা পরিষদের নির্বাচন অনুষ্ঠিত হয়। নির্বাচনে দামুড়হুদা উপজেলা চেয়ারম্যান আনারস প্রতীক নিয়ে আলি মুনছুর বাবু ৪৯ হাজার৯ শত ৫২ ভোট পেয়ে নির্বাচিত হন। ভাইস চেয়ারম্যান কোন প্রতিদন্ডি না থাকায় বিনা প্রতিদ্বন্দ্বিতায় শফিউল কবীর ইউসুফ ভাইস চেয়ারম্যান নির্বাচিত হন এবং মহিলা ভাইস চেয়ারম্যান পদে মোছাঃ তানিয়া খাতুন ফুটবল প্রর্তীক নিয়ে ৩৩ হাজার ৪ শত ৮৬ ভোট পেয়ে নির্বাচিত হন। গতকাল সকলে খুলনা বিভাগীয় কমিশনার এর কার্যালয়ে শপথ গ্রহণ করেন।

মুজিবনগর স্মৃতিসৌধে নবনির্বাচিত চেয়ারম্যান ও ভাইস চেয়ারম্যানদের পুষ্পস্তবক অর্পন

মুজিবনগরে নবনির্বাচিত উপজেলা চেয়ারম্যান আমাম হোসেন মিলু এবং ভাইস চেয়ারম্যান বিএম জাহিদ হাসান রাজীব, ভাইস চেয়ারম্যান (মহিলা) তোকলিমা খাতুন মজিবনগর মুক্তিযুদ্ধ স্মৃতি কমপ্লেক্স স্মৃতিসৌধে পুষ্পস্তবক অর্পণ করে শ্রদ্ধাঞ্জলি নিবেদন করেছেন।

আজ শুক্রবার বিকেলে নেতাকর্মীদের সাথে নিয়ে নবনির্বাচিত চেয়ারম্যান গন এই পুষ্পস্তবক অর্পণ করে শ্রদ্ধাঞ্জলি নিবেদন করেন।

পুষ্পস্তবক অর্পণ শেষে নবনির্বাচিত মুজিবনগর উপজেলা চেয়ারম্যান আমাম হোসেন মিলু এক প্রশ্নের জবাবে বলেন, আল্লাহর রহমতে এবং মানুষের ভালোবাসায় আমি উপজেলা চেয়ারম্যান নির্বাচিত হয়েছি আর সেই সাথে আমি দুইজন সুযোগ্য ভাইস চেয়ারম্যান পেয়েছি। ভবিষ্যতে আমি দ্বিধা বিভক্ত মুজিবনগর উপজেলা আওয়ামীলীগের সমস্ত ক্ষত সারিয়ে সবাইকে একসাথে নিয়ে একটি শক্তিশালী আওয়ামীলীগ, যুবলীগ, কৃষকলীগ,, যুবমহিলা লীগ, ছাত্রলীগ গড়ে তুলবো। গত নির্বাচনে আপনারা সেটি দেখতে পেয়েছেন আমি নির্বাচিত হয়ে আমাদের সাবেক উপজেলা আওয়ামী লীগের সভাপতি ত্যাগী নেতা জিয়াউদ্দিন বিশ্বাসের সাথে দেখা করেছি বর্তমান সভাপতি আমার প্রতিদ্বন্দ্বী প্রার্থী রফিকুল ইসলাম তো তার সাথেও দেখা করেছি। আমি চাই মুজিবনগর উপজেলা আওয়ামী লীগের মধ্যে যে দ্বিধাবিভক্ত আছে সমস্ত বিভক্ত দূর করে মুজিবনগর উপজেলা আওয়ামী লীগকে একটি শক্তিশালী সংগঠনে পরিণত করার মাধ্যমে আমাদের প্রাণপ্রিয় জনপ্রশাসন মন্ত্রী ফরহাদ হোসেনের হাতকে শক্তিশালী করে প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনার উন্নয়নকে গতিশীল করে মানুষের দ্বারে দ্বারে পৌঁছে দেওয়া।

এ সময় মুজিবনগর উপজেলার বিভিন্ন গ্রামের আওয়ামীলীগের নেতাকর্মী,

উপজেলা যুবমহিলা লীগকৃষক লীগ ও ছাত্রলীগের নেতা কর্মীরা উপস্থিত ছিলেন।

মেহেরপুর পৌর স্বেচ্ছাসেবক লীগের পক্ষ থেকে ফুলের শুভেচ্ছা

মেহেরপুর পৌর স্বেচ্ছাসেবক লীগের পক্ষ থেকে নবনির্বাচিত মেহেরপুর সদর উপজেলা পরিষদের মহিলা ভাইস চেয়ারম্যান লতিফুন নেসা (লতা) কে ফুলের শুভেচ্ছা।

আজ বৃহস্পতিবার রাতে নবনির্বাচিত মেহেরপুর সদর উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান লতিফুন নেসা (লতা) নিজস্ব কার্যালয়ে ফুলের শুভেচ্ছা জানানো হয়।

এসময় উপস্থিত ছিলেন পৌর স্বেচ্ছাসেবক লীগের সভাপতি রিয়াদ আজিম, পৌর স্বেচ্ছাসেবক লীগের সাধারণ সম্পাদক শাহিন ইসলাম তানিম, মেহেরপুর সদর উপজেলা ছাত্রলীগের সাবেক সভাপতি খন্দকার জুলকার নাইম বাইজিদ, পৌর স্বেচ্ছাসেবক লীগের নেতা রাসেল অন্তর, রিঙ্কু মাহমুদ, শাহিদুল ইসলাম মানিক, খালেদ হাসান মিন্টু, মাকসুদুল আলম মিথেন, নাহিদুজ্জামান নাহিদ, সোহানুজ্জামান জয় এবং জাব্বারুল ইসলাম সহ বিভিন্ন নেতা কর্মী উপস্থিত ছিলেন।